## উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক কমিটির আগষ্ট/২০২৪ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন
প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

স্থান ঃ নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষ

তারিখ সময় ঃ ১২/০৮/২০২৪ খ্রিঃ, সময় ঃ সকাল- ১০.০০ টা

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনোরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিত করা হয়। অতঃপর নিম্নোক্ত বিষয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **সার্বিক আইন-শৃঙ্খলা বিষয় নিয়ে আলোচনাঃ** এ বিষয়ে আলোচনাকালে সভাপতি জানান যে, বর্তমান রাজনৈতিক পরিস্থিতিতে সন্ত্রাস-নাশকতা রোধ করা পুলিশ বাহিনীর একার পক্ষে সম্ভব নয়। সেজন্য সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। বিশেষ করে ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটিকে সন্ত্রাস ও নাশকতা রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। তিনি আরো বলেন যে, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে নিয়োজিত গ্রাম-পুলিশদেরকে উৎসাহিত করার জন্য আর্থিক সহায়তা প্রদানের জন্য সভায় পুনঃ অনুরোধ জানান। | সামাজিক অস্থিরতা সৃষ্টি ও দেশের স্থিতিশীলতা বিনষ্ট করার অপচেষ্টা রোধ এবং শান্তি-শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে গঠিত ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটিকে দায়িত্বশীল ভূমিকা পালনের অনুরোধ জানানো হয়। ইউপি চেয়ারম্যানগণ বিষয়টি মনিটর করবেন। | সকল ইউপি চেয়ারম্যান |
| ০২ | **আনসার-ভিডিপি অফিসের কার্যাক্রম ঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা-কে তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ০৩ | **ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠানঃ** সভাপতি জানান যে, ইউনিয়ন আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সকল ইউনিয়নে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা আহ্বান করা প্রয়োজন। তিনি সকল ইউপি চেয়ারম্যান-কে তার ইউনিয়নে প্রতি মাসে সভা আহ্বান করার অনুরোধ জানান। | ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা প্রতিমাসে আহ্বান করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যান-কে পুনরায় অনুরোধ জানানো হয়। | সকল ইউপি চেয়ারম্যান |
| ০৪ | **জঙ্গিবাদ ও ইভটিজিং সম্পর্কিত আলোচনা ঃ** সভাপতি বলেন যে, জঙ্গিবাদ-এর কুফল সম্পর্কে আমাদেরকে সবসময় সজাগ থাকতে হবে। বখাটে ও নেশাখোর ছেলেদের উৎপাতে পড়াশুনা বন্ধ হয়ে যাচ্ছে অনেক মেধাবী ছাত্রীর। এটিও একটি ভয়ানক সামাজিক সমস্যা। এ সমস্যা নিরসনে সকলকে সজাগ থাকতে হবে। সে সাথে এ ধরণের কোন ঘটনা ঘটলে তিনি তাৎক্ষনিকভাবে তা অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ইউ,পি চেয়ারম্যানগণ শুক্রবারের নামাজ ভিন্ন ভিন্ন মসজিদে আদায় করবেন এবং নামাজের পর ও খুতবার এক পর্যায়ে উপস্থিত মুসল্লিদের উদ্দেশে জঙ্গিবাদ ও ইভটিজিংয়ের কুফল সম্পর্কে আলোচনা করার জন্য ইমামদের অনুরোধ জানাবেন। | সকল ইউপি চেয়ারম্যান |

অতপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/৮/২৪

মোঃ জাকির হোসেন
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং ঃ- ৪৪.০৩.৭৭৭৩.০০৩.০১৮.০০৯.২৫- ৪৭

তারিখঃ ২৮ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
১২ আগষ্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। জেলা প্রশাসক, পঞ্চগড়।
০২। পুলিশ সুপার, পঞ্চগড়।

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ

০১। উপজেলা .......................................................কর্মকর্তা, পঞ্চগড় সদর।
০২। চেয়ারম্যান ............................................ইউনিয়ন পরিষদ, পঞ্চগড় সদর।
০৩। জনাব.......................................................................................
সদস্য, উপজেলা আইন-শৃংখলা কমিটি, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

মোঃ হাসানুর রহমান
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
ও
সদস্য-সচিব
উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

## উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক কমিটির সভার উপস্থিতি ঃ

তারিখ- ২২/০৮/২৪

(পরিশিষ্ট-ক)

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ঃ

| ক্রমিক | নাম ও পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০২ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৩ | চেয়ারম্যান, ধাক্কামারা ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৪ | চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৫ | চেয়ারম্যান, কামাত কাজলদিঘী ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৬ | বীর মুক্তিযোদ্ধা মোঃ ইসমাইল হোসেন, চাকলাহাট, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৭ | বীর মুক্তিযোদ্ধা মোঃ নুরুল ইসলাম, কায়েতপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |

# উপজেলা পরিষদ

পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১-৪৬

তারিখঃ ২৭ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
১১ আগষ্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটির** পরবর্তী সাধারণ সভা নিম্নবর্ণিত আলোচসূচি অনুযায়ী আগামী ১২/০৮/২০২৪ তারিখ রোজ সোমবার দুপুর- ২.৩০ টায় **জনাব মোঃ জাকির হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ**, পঞ্চগড় সদর, পঞ্চগড়-এর সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুম-এ অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচিঃ

০১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
০২। গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
০৩। গত সভায় আলোচিত কমিটি সংক্রান্ত কোন তথ্য বা সিদ্ধান্ত।
০৪। বিবিধ।

(মোঃ হাসানুর রহমান)
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর,পঞ্চগড়।

বিতরণ ঃ

..................................................................
..................................................................
(সদস্য সকল) পঞ্চগড় সদর, পঞ্চগড়।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
০২। অফিস নথি।